



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

১১৫৭১

২নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/ফরিদপুর-৫১/ ১১৫/৪

তারিখঃ ১৮ / ১১ / ২০১৬খ্রিঃ

বিষয়ঃ সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত বক্তব্য দাখিলকরণ প্রসঙ্গে।

সূত্রঃ নং- বামাশিবো/প্রশা/ফরিদপুর-৫১/১২৯৪/৪; তারিখঃ ২৬/০৯/২০১৬খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ফরিদপুর জেলার আলফাডাঙ্গা উপজেলাধীন ধলাইরচর বরকতিয়া আলিম মাদরাসার গভার্ণিং বডি কর্তৃক ১৪.০৯.২০১১ইং তারিখে অযৌক্তিকভাবে সাময়িক বরখাস্ত করা ও অবসরকালীন সময় পর্যন্ত বেতন-ভাতা পরিশোধ না করার বিষয়ে সহকারী মৌলভী শিক্ষক (অবসর) এ.বি.এম.এ মান্নান একখানা অভিযোগ বোর্ডে দাখিল করেন (কপি সংযুক্ত)।

২) অভিযোগের বিষয়ে সমর্থনীয় কাগজপত্রসহ সুস্পষ্ট লিখিত বক্তব্য নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য সূত্রে উল্লিখিত স্মারকে গভার্ণিং বডির সভাপতি ও মাদরাসার অধ্যক্ষকে পত্র দেয়া হয় (কপি সংযুক্ত)। কিন্তু সভাপতি ও অধ্যক্ষ অদ্য পর্যন্ত কোন জবাব ও কাগজপত্র বোর্ডে দাখিল করেন নাই, যা বোর্ড তথা সরকারি আদেশ অমান্য করার সামিল।

বর্ণিত অবস্থায় বোর্ড তথা সরকারি আদেশ অমান্য করায় কেন অধ্যক্ষের এমপিও বন্ধের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পত্র দেয়া হবে না এবং প্রবিধান-৩৮(১) ক্ষমতাবলে সভাপতি পদ বাতিলসহ গভার্ণিং বডি ভেঙ্গে দেয়া হবে না তার সন্তোষজনক লিখিত জবাব প্রদানসহ অভিযোগের বিষয়ে সমর্থনীয় কাগজপত্র ও সুস্পষ্ট লিখিত বক্তব্য নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য পুনরায় অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ৩১... (৩১...)

মোঃ নজমুল হুদা
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত)

ও
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৫৮৬১০২০২

প্রাপকঃ ১) সভাপতি- গভার্ণিং বডি, ধলাইরচর বরকতিয়া আলিম মাদরাসা, আলফাডাঙ্গা, ফরিদপুর।

২) অধ্যক্ষ, ধলাইরচর বরকতিয়া আলিম মাদরাসা, আলফাডাঙ্গা, ফরিদপুর।

নং- বামাশিবো/প্রশা/ফরিদপুর-৫১/

তারিখঃ / / ২০১৬খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, আলফাডাঙ্গা, ফরিদপুর।
২. জেলা শিক্ষা অফিসার, ফরিদপুর।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আলফাডাঙ্গা, ফরিদপুর।
৪. এ.বি.এম.এ মান্নান, সহকারী মৌলভী শিক্ষক (অবসর), ধলাইরচর বরকতিয়া আলিম মাদরাসা, আলফাডাঙ্গা, ফরিদপুর।
৫. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ কামাল উদ্দিন
উপ-রেজিস্ট্রার (প্রশাসন, অতিরিক্ত দায়িত্ব)

ও
উপ-রেজিস্ট্রার (কমন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৫৪০৩

আইসিটি সেন্স/কম্পিউটার কেন্দ্র
শাঃ শিঃ
জরুরী প্রাপ্য চক্কন/ব্যবস্থান
১৩/১১/১৬

বিষয় : বকেয়া বেতন-ভাতাদি প্রাপ্তির আবেদনের বিষয়ে অবগতকরণ প্রসঙ্গে।

জনাব,

যথাযথ সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি নিম্ন স্বাক্ষরকারী এ.বি.এম.এ. মাল্লাহ, পিতা- মৃত- মোঃ এনাঙ্গউদ্দিন মোল্যা, গ্রাম- ধলাইরচর, ডাকঘর- আলফাডাঙ্গা, উপজেলা আলফাডাঙ্গা, জেলা- ফরিদপুর এই মর্মে জানাইতেছি যে, আমি বিগত ০১.১২.১৯৮৮ খ্রিঃ তারিখে মাদ্রাসায় সহকারি মৌলভী পদে যোগদান করিয়া আমার উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করিয়া আসিয়াতেছিলাম। কিন্তু স্মারক নং ধবআমা/২০১১/১৭, তারিখ ১৩.০৯.২০১১ খ্রিঃ মোতাবেক আমাকে অন্যান্যভাবে অতিযুক্ত করিয়া তৎকালীন সভাপতি ও গভর্নিং বডি'র সদস্য এবং অধ্যক্ষ সাময়িক বরখাস্তের নোটিশ প্রদান করেন। সেই থেকে আমি বরখাস্ত থাকিয়া অনাহারে, অর্থাহারাে মানবেতর জীবন যাপন করিতে থাকি। বিধি মোতাবেক সরকারের একজন কর্মচারি সাময়িক বরখাস্তকালীন তার প্রাপ্য বেতনের অর্ধেক প্রাপ্য। যাহা আমি না পাইয়া বরখাস্তকালীন মানবেতর জীবন-যাপনে অতিষ্ট হইয়া আমার বিরুদ্ধে আনিত অভিযোগ চ্যালেঞ্জ করিয়া আইনী সহায়তার জন্য বিজ্ঞ আদালতে মামলা নং ২৫/২০১২ দায়ের করি। বিজ্ঞ আদালত আমার বিরুদ্ধে আনিত অভিযোগ মিথ্যা, ভিত্তিহীন, বানোয়াট, বে-আইনী, অন্যায, অবিধ, অশ্রুতির বর্হিত ও ন্যায বিচারর পরিপন্থী মর্মে গত ১৫.০৫.২০১৪ খ্রিঃ তারিখে রায় ও ডিক্রি প্রদান করেন। আমার পক্ষের রায়কে চ্যালেঞ্জ করিয়া অধ্যক্ষ একটি আপীল মামলা দায়ের করেন। আপীল মামলা নং ৩৭/১৪। গত ১৬.০৪.২০১৫ তারিখে আপীল কেসটি খারিজ হইয়া যায়। অর্থাৎ পূর্বের রায় বহাল থাকে। ফলে আমি আমার বকেয়া বেতন-ভাতাদি প্রাপ্তির জন্য অধ্যক্ষ বরাবরে একটি লিখিত আবেদনের প্রেক্ষিতে গত ২৫.০৫.২০১৫ তারিখে মাদ্রাসার গভর্নিং বডি'র সভায় আমার বকেয়া বেতন-ভাতাদি প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক অধ্যক্ষ সাহেব আমার প্রাপ্যতা প্রদান না করিয়া নানা রকম ডালবাহানা করিতে থাকেন। এদিকে আমি আমার প্রাপ্যতা না পাইয়া জী-ছেলেমেয়ে নিয়া মানবেতর জীবন-যাপন করায় মাদ্রাসার অধ্যক্ষ, সভাপতি, উপজেলা নির্বাহী অফিসার বরাবর আবেদন করিয়া কোন প্রতিকার না পাইয়া আপনার বরাবরে একটি আবেদন করি। উক্ত আবেদনের বিষয়টি আপনি গুরুত্বসহকারে নিয়া মাদ্রাসার অধ্যক্ষ ও সভাপতিকে বর্ণিত বিষয়ের সমর্থনে কাগজপত্রসহ সুস্পষ্ট লিখিত বক্তব্য প্রদানের জন্য অনুরোধ করিয়াছেন। যাহা আমি আপনার অফিস স্মারক নং বামাশিবো/প্রশা/ফরিদপুর-৫১/১২৯৪/৪, তারিখ ২৬.০৯.২০১৬ খ্রিঃ মোতাবেক এক পত্রের অনুলিপির মাধ্যমে অবগত হইয়াছি। কিন্তু আমি এই বিষয়ে অদ্যাবধি কোন প্রতিকার পাই নাই।

অতএব, জনাব সমীপে বিনীত প্রার্থনা অধ্যক্ষ সাহেব যাহাতে আমার বকেয়া বেতন-ভাতা প্রদানের ব্যবস্থা করেন তাহার বিহিত ব্যবস্থা গ্রহণে আপনার সদয় মর্জি হয়।

তারিখ ইং।

বিনীত নিবেদক,

১৩/১১/১৬/২০১৬
(এ.বি.এম.এ. মাল্লাহ)

সহকারি মৌলভী (অবঃ)

ধলাইরচর বরকতিয়া আলিম মাদ্রাসা
আলফাডাঙ্গা, ফরিদপুর।

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
আর এও আই শাখা
ডায়েরী নং..... ১১১
তারিখ..... ১৩/১১/১৬
৩২.....